



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং- ১৫১/২০১৮

তারিখঃ ১ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর, ২০১৮ খ্রীষ্টাব্দ

মুক্তিযোদ্ধা কোটায় বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত সোনালী ব্যাংক লিমিটেড এ “সিনিয়র অফিসার” পদে ০৬ মার্চ, ২০১৮ তারিখের পূর্বে মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ৩৪টি শূন্য পদে নিয়োগের নিমিত্তে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র কন্যার পুত্র-কন্যাদের নিকট থেকে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

১।	বেতন স্কেল	:	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।																
২।	শিক্ষাগত যোগ্যতা	:	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী। (খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সম্মান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই) টিতে প্রথম বিভাগ/শ্রেণী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারী *নীতিমালা প্রযোজ্য হবে। (গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। (ঘ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ (১) এস.এস.সি বা সম্মান এবং এইচ.এস.সি বা সম্মান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে- <table border="1"> <tr> <td>জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব</td> <td>প্রথম বিভাগ</td> </tr> <tr> <td>জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম</td> <td>দ্বিতীয় বিভাগ</td> </tr> </table> (২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে- <table border="1"> <tr> <td>অর্জিত সিজিপিএ</td> <td colspan="2">সমতুল্য শ্রেণি/বিভাগ</td> </tr> <tr> <td>৪.০০ পয়েন্ট স্কেলে</td> <td>৫.০০ পয়েন্ট স্কেলে</td> <td></td> </tr> <tr> <td>৩.০০ বা তদূর্ধ্ব</td> <td>৩.৭৫ বা তদূর্ধ্ব</td> <td>প্রথম বিভাগ/শ্রেণি</td> </tr> <tr> <td>২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম</td> <td>২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম</td> <td>দ্বিতীয় বিভাগ/শ্রেণি</td> </tr> </table>	জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ	জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ	অর্জিত সিজিপিএ	সমতুল্য শ্রেণি/বিভাগ		৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে		৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ/শ্রেণি	২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় বিভাগ/শ্রেণি
জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ																		
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ																		
অর্জিত সিজিপিএ	সমতুল্য শ্রেণি/বিভাগ																		
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে																		
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ/শ্রেণি																	
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় বিভাগ/শ্রেণি																	

- বয়স (০১/০৭/২০১৮ তারিখে)ঃ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বছর এবং অন্যান্যদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০(ত্রিশ) বছর। বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আগ্রহী প্রার্থীদেরকে ০৭/১০/২০১৮ তারিখ পর্যন্ত শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (www.erecruitment.bb.org.bd)-এর Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।
- ‘O’ Level ও ‘A’ Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সম্মান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সম্মান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।
- Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।
- দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে মৌখিক পরীক্ষা গ্রহণের প্রাক্কালে আবেদনে উল্লেখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজ পত্রাদি জমা প্রদান করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে।
- চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৮নং ক্রমিকে উল্লেখিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- প্রার্থীদের ১০০ নম্বরের MCQ, ২০০ নম্বরের লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।
- সোনালী ব্যাংক লিঃ নির্বাচিত প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(মোঃ মোশাররফ হোসেন খান)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি